

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৩(বাজেট)।


স্মারক নং শাঃ-৩/১জি-০৭/২০১১/২৩০

তারিখঃ ০৬ আষাঢ় ১৪১৯
২০ জুন ২০১২

বিষয়ঃ চলতি ২০১১-২০১২ অর্থ বছরে ৩-২৫০৫-৩৪৩৩-শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্রবৃন্দের জন্য বিশেষ মঞ্জুরী খাতে বরাদ্দকৃত অর্থ ছাড় প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১৪/০৬/২০১২ তারিখের নং-শাঃ ৩/১জি-০৭/২০১১/২১৮ জারীকৃত আদেশের (খ) নং শর্ত নিম্নোক্তভাবে সংশোধন করা হলঃ

“মঞ্জুরী আদেশ প্রাপ্তির পর জেলা প্রশাসক অগ্রিম বিলের মাধ্যমে ট্রেজারী হতে অর্থ উত্তোলনপূর্বক বিতরণ শেষে একই অর্থ বছরের মধ্যে অগ্রিম বিলের সমন্বয় করবেন। প্রতিষ্ঠানের জন্য মঞ্জুরীকৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে এবং শিক্ষক/ছাত্র-ছাত্রীদের আবেদনের ক্ষেত্রে স্ব স্ব নামে বিতরণ করতে হবে;”-এর স্থলে “মঞ্জুরী আদেশ প্রাপ্তির পর জেলা প্রশাসক অগ্রিম বিলের মাধ্যমে ট্রেজারী হতে অর্থ উত্তোলনপূর্বক উপযুক্ত সনাক্তক্রমে বিতরণ শেষে একই অর্থ বছরের মধ্যে অগ্রিম বিলের সমন্বয় করবেন ভবিষ্যতে অডিটের জন্য যাবতীয় কাগজপত্র সংরক্ষণ করতে হবে। প্রতিষ্ঠান ও শিক্ষকদের জন্য মঞ্জুরীকৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও শিক্ষক-এর অনুকূলে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে এবং ছাত্র-ছাত্রীদের আবেদনের ক্ষেত্রে স্ব স্ব নামে চেকের মাধ্যমে বিতরণ করতে হবে;”।


(রওনক জাহান)


সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫১২২০৫

স্মারক নং শাঃ-৩/১জি-০৭/২০১১/২৩০/১(৩০০)

তারিখঃ ০৬ আষাঢ় ১৪১৯
২০ জুন ২০১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, _____ (সকল)
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদান এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর ই-মেইল করার অনুরোধসহ)।
- ৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পুল্টন, ঢাকা।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, _____ (সকল)।
- ১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, _____
- ১২। জেলা শিক্ষা অফিসার _____
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা _____
- ১৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার _____


(রওনক জাহান)

সিনিয়র সহকারী সচিব